

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০১৯

২০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ সেই সময় আবূ বকর রাদিয়াল্লাহু আনহু কী বলেছিলেন তার বর্ণনা

ذِكرُ مَا قَالَ أَبُو بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ فِي ذَلِكَ الْوَقْتِ

## আরবী

3019 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ الْبُخَارِيُّ حَدَّتَنَا إِسْمَاعِيلُ بْنُ أَبِي أُويْسٍ (1) قَالَ: أَخْبَرَنِي أَخِي عَنْ سُلَيْمَانَ بْنِ بِلَالٍ عَنْ مُحَمَّدِ بْنِ أَبِي إِسْمَاعِيلُ بْنُ أَبِي أُويْسٍ (1) قَالَ: أَخْبَرَنِي سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: دَخَلَ أَبُو بَكْرٍ عَتِيقٍ عَنِ ابْنِ شِهَابٍ أَخْبَرَنِي سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: دَخَلَ أَبُو بَكْرٍ عَتِيقٍ عَنِ ابْنِ شِهَابٍ أَخْبَرَنِي سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: دَخَلَ أَبُو بَكْرٍ الْمُسْجِدِ وَعُمَّرُ يُكَلِّمُ النَّاسَ حِينَ دَخَلَ بَيْتَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّذِي تُوفِقِي فِيهِ وَهُو بَيْتُ عَائِشَةَ زَوْجَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فَكَشَفَ عَنْ وَجْهِهِ بُرْدَ حِبَرةٍ كَانَ مُسْجَّى بِهِ فَنَظَرَ إِلَى وَجْهِهِ ثُمَّ أَكَبُّ عَلَيْهِ فَقَبَّلَهُ وَقَالَ: بِأَبِي أَنْتَ فَوَاللَّهِ لَا يَجْمَعُ اللَّهُ عَلَيْكَ مُونَتَيْنَ لَقَدْ مِتَ المُوتَة التَى لا تموت بعدها.

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3019 ا خلاصة حكم المحدث: حسن صحيح.

## বাংলা

৩০১৯. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আবৃ বকর রাদ্বিয়াল্লাহু আনহু মাসজিদে প্রবেশ করেন, এসময় উমার রাদ্বিয়াল্লাহু আনহু লোকদের সাথে কথা-বার্তা বলছিলেন। আবৃ বকর রাদ্বিয়াল্লাহু আনহু নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সেই ঘরে প্রবেশ করেন, যে ঘরে তাঁর ওফাত হয়েছে, সেটা হলো আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহার ঘর। অতঃপর আবৃ বকর রাদ্বিয়াল্লাহু আনহু তাঁর চেহারা উন্মুক্ত করলেন, এসময় তাঁর চেহারা হেবরায় তৈরি চাদর দিয়ে ঢাকা ছিল। তিনি তাঁর চেহারার দিকে তাকালেন তারপর তিনি তাঁর প্রতি ঝুঁকে পড়লেন এবং তাঁকে চুম্বন করলেন। অতঃপর তিনি বলেন, "আপনার জন্য আমার বাবা কুরবান হোক। আল্লাহর কসম, নিশ্চয়ই আল্লাহু আপনাকে দুইবার মৃত্যু দিবেন না। অবশ্যই আপনি সেই মৃত্যুই বরণ করেছেন, যার পর আপনি আর মৃত্যু বরণ করবেন না।"[1]



## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৩৩৪; সহীহুল বুখারী: ১২৪১; নাসাঈ: ৪/১১; সুনান বাইহাকী: ৩/৪০৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩০১৯ পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন